বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
প্রসেসিং শাখা

১৯ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ২০১৯-২০ অর্থ -বছরের ৬ষ্ঠ এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	এ. এম. আমিনুল হক মহাপরিচালক
সভার তারিখ	১৯-০২-২০২০ খ্রিঃ
সভার সময়	দুপুর ০২:৩০ ঘটিকা
স্থান	বাপাউবো সম্মেলন কক্ষ, ওয়াপদা ভবন (৪র্থ তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক -তে দ্রষ্টব্য

সভাপতি মহাপরিচালক, বাপাউবো হিসেবে তাঁর দায়িত্বগ্রহণ পরবর্তী প্রথম এই সভায় দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদানের মাধ্যমে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর নির্দেশে ১৯৭২ সালে স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান হিসেবে বাপাউবো'র আত্মপ্রকাশের প্রেক্ষাপট তুলে ধরেন। যে প্রেক্ষাপট এবং উদ্দেশ্যে বঙ্গবন্ধু বাপাউবো প্রতিষ্ঠা করেছিলেন, বাপাউবো সে প্রত্যাশা পূরণ করতে সর্বাত্মক প্রচেষ্টা নিয়েছে এবং দেশ খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে বিশাল ভূমিকা রেখেছে। সময়ের সাথে সাথে বাপাউবো'র কাছে দেশবাসীর প্রত্যাশাও আরো বিস্তৃত মাত্রা পেয়েছে বলে তিনি উল্লেখ করেন। দেশের স্বাধীনতার প্রাক্কালে বঙ্গবন্ধু তাঁর দূরদর্শী চিন্তাধারার মাধ্যমে যেমন উপলব্ধি করতে পেরেছিলেন যে পানি সম্পদের সুষ্ঠু ব্যবস্থাপনা ছাড়া দেশের উন্নয়ন সম্ভব নয়, ঠিক তেমন বিশ্বাসই সঞ্চারিত হয়েছে বর্তমান উন্নয়নবান্ধব জনমুখী সরকারের মাননীয় প্রধানমন্ত্রী বঙ্গবন্ধুর দূরদর্শী দৃষ্টিভঙ্গিতে। ফলশ্রুতিতে পানি সম্পদের সাথে পরিবেশ, প্রতিবেশ এবং অপরাপর নির্ভরশীল বিভিন্ন সেক্টরের পারস্পরিক মিথোস্ক্রিয়ায় দেশের টেকসই উন্নয়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ২০১৮ সালে দেশবাসীকে উপহার দিয়েছেন দেশের প্রথম শতবর্ষী মহাপরিকল্পনা "বাংলাদেশ ব-দ্বীপ পরিকল্পনা ২১০০"। এই মহাপরিকল্পনা বাস্তবায়নে ২০৩০ সাল নাগাদ দেশের টেকসই উন্নয়নে সরকার প্রায় ৩৭ বিলিয়ন মার্কিন ডলার (প্রায় ৩,১৪,৫০০ কোটি টাকা) বিনিয়োগ করবে, যার আওতাভুক্ত ৮০টি প্রকল্পের মধ্যে প্রায় ৮০% প্রকল্প বাস্তবায়নের গুরুদায়িত্ব পানি সম্পদ মন্ত্রণালয়ের তথা বাপাউবো'র। এহেন প্রেক্ষাপটে পানি সম্পদ মন্ত্রণালয়ের বর্তমান সুযোগ্য নেতৃত্বের বিগত ১ (এক) বছরের দিক-নির্দেশনায় বাপাউবো'র প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন এবং মনিটরিংয়ে বিচক্ষণতা নজিরবিহীন। এই দূরদর্শী নেতৃত্বে এডিপি এবং এপিএ বাস্তবায়নে অভূতপূর্ব সাফল্য অর্জনের পাশাপাশি হাওর, উপকূল ও অন্যান্য দুর্যোগপ্রবণ এলাকায় বন্যা ও প্রাকৃতিক দুর্যোগের সফল মোকাবেলা সম্ভব হয়েছে। ফলশ্রুতিতে দেশবাসীর কাছে দেশের উন্নয়নে বাপাউবো'র অবদান দৃশ্যমান হয়েছে এবং এতে বাপাউবো, মন্ত্রণালয় তথা সরকারের ইতিবাচক ভাবমূর্তির প্রচার পেয়েছে। বাপাউবো'র এহেন সাফল্য বাপাউবো-কে অধিদপ্তরে রূপান্তরকরণের কার্যক্রমকে বেগবান করতে পানি সম্পদ মন্ত্রণালয়কে আরো বেশি উদ্বুদ্ধ করেছে। বাপাউবো ও দেশের উন্নয়নে এই ধারা বজায় রেখে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে সকলকে আরো উজ্জীবীত মন্ত্রণায় কাজ করার আহবান জানিয়ে সভাপতি তার প্রারম্ভিক বক্তব্য সমাপ্ত করেন।

সভাপতির অনুমতিক্রমে বাপাউবোর্ডের পরিচালক, প্রসেসিং সেকশন আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম পর্যায়ক্রমে উপস্থাপন করেন।

১৯ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার আলোচনা ও সিদ্ধান্তঃ এডিপি পর্যালোচনা সভায় বোর্ডের অধীনে বাস্তবায়নাধীন ৮৯টি প্রকল্পের অগ্রগতি প্রতিবেদনসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	ব্যবস্থা গ্রহণকারী কর্মকর্তা/দপ্তর	সময়সীমা
০১	০২	০৩	০৪	০৫
১।	সভাপতি প্রারম্ভিক বক্তব্যে নিম্নরূপ দিক-নির্দেশনা প্রদান করেনঃ (ক) মাঠ পর্যায় হতে সদর দপ্তর- সকল পর্যায়েই বাপাউবো'র উন্নয়ন কর্মকান্ডের ইতিবাচক প্রচার করতে হবে। (খ) উন্নয়ন কর্মকান্ডে স্রোতের বিপরীতে গিয়ে যে সকল কর্মকর্তা-কর্মচারীর ব্যক্তিস্বার্থ জনিত কারণে (কাজে অবহেলা, প্রতিবন্ধকতা সৃষ্টি, সেবাগ্রহীতাকে হয়রানি প্রভৃতি) উন্নয়ন কাজে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে, হবে বা হতে পারে, তাদের বিষয়ে সজাগ থাকতে হবে এবং এহেন ঘটনার উদ্রেক হলে তার উর্দ্ধতন কর্তৃপক্ষ অনতিবিলম্বে বোর্ডকে অবহিত করবেন। (গ) সকল কর্মকর্তা-কর্মচারীকে সেবা প্রদানমুখী এবং দেশের উন্নয়ন বান্ধব মনোভাব নিয়ে দৈনন্দিন কার্যসম্পাদন করতে হবে। (ঘ) এখনো বাপাউবো-তে কোন কোন দপ্তরে জনবল স্বল্পতা বিরাজ করলেও বিদ্যমান জনবলেই system efficiency এবং capacity development এর মাধ্যমে অতিরিক্ত জনবলের অভাব দূর করায় মনোযোগী হতে হবে। এমতাবস্থায়, মাঠ দপ্তরের নির্বাহী প্রকৌশলী প্রেরিত নোটশীট যথাদ্রুত প্রক্রিয়াকরণের জন্য যেন নির্বাহী প্রকৌশলীকেই পরবর্তী দপ্তরসমূহে উদ্যোগী ভূমিকা পালন করতে না হয়, তা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর উর্দ্ধতন কর্মকর্তাগণ নিশ্চিত করে system efficiency বৃদ্ধি করতে হবে। System efficiency বৃদ্ধির মাধ্যমে যার কাজ সে যথাদ্রুত বাস্তবায়নে পারদর্শী হলে স্বাভাবিকভাবেই সকল কর্মকর্তা-কর্মচারী হতে অতিরিক্ত আউটপুট পাওয়া সম্ভব হবে, যা সামগ্রিকভাবে capacity development এরই অবদান। (ঙ) মাঠ দপ্তরের যে কোন নির্বাহী প্রকৌশলী তাঁর কর্মঅধিক্ষেত্র ত্যাগ করে দাপ্তরিক বা অন্য কোন প্রয়োজনে ঢাকা আসার প্রয়োজন হলে তা সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও প্রধান প্রকৌশলীকে ত্যাগের পূর্বে অবহিত করতে হবে। (চ) মাঠ পর্যায়ের প্রত্যেক পওর/ পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ তাদের দপ্তরের আওতায় বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প, অনুন্নয়ন বাজেটের কাজ এবং সর্বোপরি প্রণয়নাধীন প্রকল্পের জন্য আলাদা ৩টি Action Plan (সময়াবদ্ধ কর্ম-পরিকল্পনা) প্রণয়ন করে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান প্রকৌশলী ও অতিরিক্ত মহাপরিচালক বরাবর দাখিল করবেন। সে Action Plan মোতাবেক প্রত্যেক জোনের প্রধান প্রকৌশলী মাসিক পর্যালোচনা সভায় নির্বাহী প্রকৌশলীদের অগ্রগতি পর্যবেক্ষণ করবেন এবং সভার কার্যবিবরণী বোর্ডে দাখিল করবেন। উক্ত কার্য-বিবরণীর আলোকে বোর্ড পর্যায়ে মাসিক এডিপি পর্যালোচনা সভায় আলোচ্যসূচি নির্ধারিত হবে।			

২।	আগামী ২২ মার্চ, ২০২০ তারিখে পানি সম্পদ মন্ত্রণালয় এর আয়োজনে "বিশ্ব পানি দিবস ২০২০" এর উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকতে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন। একই দিনে মাননীয় প্রধানমন্ত্রী বাপাউবো'র নবনির্মিত সদর দপ্তর ৭২, গ্রীণ রোড, ঢাকাস্থ "পানি ভবন" এর উদ্বোধন করতে যাচ্ছেন। এতদপ্রেক্ষিতে সভায় নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়ঃ (ক) আগামী এপ্রিল, ২০২০ মাসের প্রথম ভাগে পানি ভবনে দপ্তর স্থানান্তর বিষয়ে সংশ্লিষ্ট সকল দপ্তরকে বোর্ডের ইতোপূর্বে জারিকৃত দপ্তরাদেশের দিক-নির্দেশনামতে প্রয়োজনীয় সকল প্রস্তুতিমূলক কার্যাদি সম্পাদন করতে হবে। (খ) বাপাউবো'র গ্রীণরোড কম্পাউন্ডের মধ্যে দাপ্তরিক ভবনসমূহ ছাড়া অন্যান্য সকল স্থাপনা ফেব্রুয়ারি, ২০২০ মাসের মধ্যে উচ্ছেদ সম্পন্ন করা হবে। এ বিষয়ে ঢাকা পওর বিভাগ-২ হতে উচ্ছেদ নোটিশ ইস্যু করা হয়েছে। উক্ত এলাকায় অবৈধভাবে বসবাসকারী বাপাউবোর কর্মচারীদের অবিলম্বে উক্ত স্থানসমূহ ত্যাগ/উচ্ছেদের বিষয়ে প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান ও প্রধান প্রকৌশলী , নকশা প্রয়োজনীয় সহযোগিতা/ উদ্যেগ গ্রহণ করবেন। (গ) বাপাউবো'র গ্রীণরোড কম্পাউন্ডের পান্থপথের দিকে নতুন ২টি গেইট স্থাপন করা হচ্ছে এবং গ্রীণরোডের দিকে পানি বিজ্ঞানের গেইটটি স্থায়ীভাবে বন্ধ কর দেয়া হবে। সে লক্ষ্যে পানি ভবন হতে পানি বিজ্ঞান দপ্তরসমূহের মধ্যে অতিদ্রুত রাস্তা নির্মাণ করে দেয়া হবে। (ঘ) বাপাউবো'র গ্রীণরোড ও ওয়াপদা ভবনস্থ জায়গা সহ ঢাকাস্থ বাপাউবো'র অন্যান্য জায়গার বাপাউবো'র পক্ষে নামজারি সম্পন্ন করার লক্ষ্যে Digital mapping এর কাজের নিমিত্ত প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।
৩।	সভাপতি নিম্নরূপ সাধারণ সিদ্ধান্ত প্রদান করেনঃ (ক) ২০১৯-২০ অর্থ-বছরে বাপাউবো'র যে ৩২টি প্রকল্প জুন, ২০২০ নাগাদ সমাপ্তির জন্য নির্ধারিত করা হয়েছে, তা অবশ্যই নির্ধারিত মেয়াদে সমাপ্ত করতে হবে। (খ) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপনের জন্য প্রণীত লোগো ব্যবহারে সংশ্লিষ্ট ব্যবহার নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে। (গ) গত ৩০/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত পানি সম্পদ মন্ত্রণালয়ের মাসিক এডিপি পর্যালোচনা সভায় "টাঙ্গাইল জেলার গোপালপুর ও ভূঞাপুর উপজেলাধীন যমুনা নদীর বাম তীরবর্তী কাউলীবাড়ী ব্রীজ হতে শাখারিয়া (ভরুয়া-বটতলা) পর্যন্ত তীর সংরক্ষণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ (এক) বছর বৃদ্ধির প্রস্তাবনা ০৬/০২/২০২০ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশনা প্রদান করা হলেও ১২/০২/২০২০ তারিখে মাঠ দপ্তর হতে তা বোর্ডে গৃহীত হয়। এতে মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালন করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, মন্ত্রণালয়ের নির্দেশনা প্রতিপালনে ব্যর্থ হওয়ার প্রকৃত কারণ উদঘাটন করে তা বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করেন।

৪। অর্থ অবমুক্তি ও ব্যয়ঃ

সভায় পরিচালক, প্রসেসিং সেকশন অবহিত করেন যে, ২০১৯-২০২০ অর্থ বছরে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এডিপিভুক্ত বাস্তবায়নাধীন ৮৯টি প্রকল্পের জন্য মোট ৫৯৫২.৩৯ কোটি টাকা বরাদ্দের অনুকূলে- ১৬ ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত ৩০১৫.৬০ কোটি (বরাদ্দের ৫০.৬৬%) টাকা অবমুক্ত হয়েছে এবং ২৩৭৭.৬৯ কোটি (বরাদ্দের ৩৯.৯৫%) টাকা ব্যয় হয়েছে।

৫। সার্বিক অগ্রগতিঃ

২০১৯-২০ অর্থ-বছরে ১৬ ফেব্রুয়ারি, ২০২০ পর্যন্ত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের এডিপিভুক্ত বাস্তবায়নাধীন ৮৯টি প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি যথাক্রমে ৪১.৮২% এবং ৩৯.৯৫%। বিগত বছরের **২৮ ফেব্রুয়ারি পর্যন্ত বাস্তব ও আর্থিক অগ্রগতি ছিল যথাক্রমে ৪৮.৬১% ও ৩৪.১৯%।**

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

এ. এম. আমিনুল হক
মহাপরিচালক

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০১২.১৫.০০১.১৯.১১ তারিখ: ১৯ ফাল্গুন ১৪২৬

০৩ মার্চ ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) অতিরিক্ত মহাপরিচালক, পুর্ব রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৩) অতিরিক্ত মহাপরিচালক, পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪) অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫) অতিরিক্ত মহাপরিচালক, অর্থ, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬) চীফ মনিটরিং, চীফ মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭) প্রধান প্রকৌশলী, প্রধান, প্রশিক্ষন ও কর্মচারী উন্নয়ন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৮) প্রধান পরিকল্পনা, প্রধান পরিকল্পনা, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৯) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী, পওর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১০) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, ডিজাইন, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১১) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী, পানিবিজ্ঞান, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১২) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, উত্তর-পশ্চিমাঞ্চল, রাজশাহী
১৩) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, উত্তরাঞ্চল, রংপুর
১৪) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী এর দপ্তর, মধ্য-পশ্চিমাঞ্চল, ফরিদপুর
১৫) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণাঞ্চল, বরিশাল
১৬) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণ-পশ্চিমাঞ্চল ,খুলনা
১৭) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, কেন্দ্রীয় অঞ্চল ,ঢাকা
১৮) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, পূর্বাঞ্চল , কুমিল্লা
১৯) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলী এর দপ্তর, দক্ষিণ-পূর্বাঞ্চল, চট্টগ্রাম
২০) প্রধান প্রকৌশলী , প্রধান প্রকৌশলী এর দপ্তর, উত্তর-পূর্বাঞ্চল, সিলেট
২১) প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, ঢাকা
২২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, নারায়নগঞ্জ ড্রেজার, বাপাউবো, নারায়ণগঞ্জ
২৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, খুলনা ড্রেজার, বাপাউবো, খুলনা
২৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, রিভার ম্যানেজমেন্ট, বাপাউবো, ঢাকা
২৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্যাম এন্ড ব্যারেজ, বাপাউবো, ঢাকা
২৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আইসিজেড এন্ড ক্লাইমেট চেঞ্জ ম্যানেজমেন্ট, বাপাউবো, ঢাকা
২৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পিএমইউ-ক্লাষ্টার, বাপাউবো, ঢাকা
২৮) প্রধান পানি ব্যবস্থাপনা , প্রধান পানি ব্যবস্থাপনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২৯) প্রকল্প পরিচালক, উপকূলীয় বাঁধ উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়), বাপাউবো, ঢাকা
৩০) প্রকল্প পরিচালক, দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প (২য় পর্যায়), বাপাউবো, ঢাকা

৩১) প্রকল্প পরিচালক, হাওর এলাকায় বন্যা ব্যবস্থাপনা ও জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্প, বাপাউবো, ঢাকা
৩২) প্রকল্প পরিচালক, Bangladesh Weather and Climate Services Regional Project (BWCSRP) Component-B: Strengthening Hydrological Information Services and Early Warning Systems (SHISEWS), বাপাউবো, ঢাকা
৩৩) প্রকল্প পরিচালক, মুহুরী সেচ প্রকল্পের জন্য সেচ ব্যবস্থাপনার উন্নয়ন প্রকল্প (IMIP-MIP), বাপাউবো, ঢাকা
৩৪) প্রকল্প পরিচালক, Flood and River Bank Erosion Risk Management Investment Program (FRERMIP), বাপাউবো, ঢাকা
৩৫) প্রকল্প পরিচালক, বাংলাদেশের নদী ড্রেজিং এর জন্য ড্রেজার ও আনুষাঙ্গিক যন্ত্রপাতি ক্রয় প্রকল্প, বাপাউবো, ঢাকা
৩৬) প্রকল্প সমন্বয়ক পরিচালক, চর উন্নয়ন ও বসতি প্রকল্প, বাপাউবো, ঢাকা
৩৭) প্রকল্প পরিচালক, সীমান্ত নদী তীর সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), বাপাউবো, ঢাকা
৩৮) প্রকল্প পরিচালক, ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল ও জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়), বাপাউবো, ঢাকা
৩৯) পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪০) পরিচালক, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪১) পরিচালক, কার্যক্রম পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪২) পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪৩) পরিচালক, শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪৪) পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪৫) পরিচালক, অর্থ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪৬) পরিচালক, অডিট পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪৭) পরিচালক, পরিকল্পনা-২ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪৮) পরিচালক , পরিকল্পনা-১ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৪৯) পরিচালক, পরিকল্পনা-৩ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫০) পরিচালক, নিরাপত্তা ও গোয়েন্দা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫১) পরিচালক , ভূমি ও রাজস্ব পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫২) পরিচালক, কল্যাণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫৩) পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫৪) পরিচালক , প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫৫) পরিচালক, হিসাবরক্ষণ পরিদপ্তর, ঢাকা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫৬) পরিচালক , প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৫৭) পরিচালক, পওর পরিদপ্তর, বাপাউবো, ঢাকা
৫৮) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৫৯) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬০) একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬১) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৬২) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রকাশ কৃষ্ণ সরকার
পরিচালক